Accounting has rightly been termed as the language of Business. The basic function of a language is to serve as a means of communicates the results of business operations to various parties who have some stake in the business, viz, the proprietor, creditors, investors, the government and other agencies. Though accounting is generally associated with business, the government, housewife and other individuals also make use of it. For example, a housewife has to keep a record of the money received and spent by her during a particular period. She can record her receipts of money on one page of her 'house hold diary' and payment for different items such as milk, food, clothing, house, education etc. On some other pages or pages of her diary in a chronological order. Such a record will help her knowledge about :

- The sources from which she received cash and the purpose for which it was utilized.
- Whether her receipts are more than her payments or vice-versa.
- The balance of cash in hand or deficit if any, at the end of a period.

## Perseverance

Subrata Chanda  
T.D.C. III (English Hons.)

All are not born with a golden spoon  
All are not born in the big palace  
All are not born in the light of moon  
All are not born in the reputed race.  
But there are some born in a hut  
They pass their days-nights in the footpath  
They live taking hard-bread and water of mud  
They begin struggle with the world from birth.  
But they do not say anywhere, anyone

In case the housewife records her transactions regularly, she can collect valuable information about the nature of her receipts and payments. For example, she can find out the total amount spent by her during a year on different items, like milk, food, education, entertainment, etc. Similarly she can also find the sources of her receipts such as salary of her husband, rent from property, cash gifts from her close relatives etc. Thus, at the end of the year, she can see for herself the status of her financial position, i.e. what she owns and what she owes. Thus will help her to a great extent to plan her future income and expenses or in making out a budget.

The need for accounting is all the more for a person who is running a business. He must know:

- What he owes (ii) What he owns (iii) Whether he has earned a profit or suffered a loss of account of running a business (iv) What his financial position is, i.e. whether he will be able to meet all his commitments in the year future or is in the process of becoming a bankrupt.

In their life they are unfortunate.  
They do not complain to God or someone  
They believe that in their hand their's fate.  
They come in the field of long-race  
They have the courage to receive goal  
In their mirror of talent they watch their face  
They know they will win the prize of soul.  
In the road of life they face many problems  
They are harassed by various obstacles,  
There are many try them to condemn  
Some rascal try to stop or make them fool.  
But they do not get any fear  
They always march forward towards future  
They know they can catch the golden deer  
Not by fortune but by own labour.

## শ্রীহৃতীয় লোককাহিনির একটি অধ্যায় কর্ম্মতি ঠাকুরের ব্রত

কুমার বিষ্ণু দে

প্রবন্ধ, বাংলা বিভাগ

শ্রীহৃতীয় লোকসংস্কৃতি প্রায় হারিয়ে যেতে বসেছে কিংবা হারিয়ে গেছে বললেও অত্যুক্তি হয় না। এই লোকসংস্কৃতিকে একটু আঁধা করে রেখেছেন গ্রামের মানুষেরা। এগুলোর কোনও প্রামাণ্য গ্রন্থ কিংবা লিখিত তথ্য তেমন কিছু পাওয়া যায়না। বরাক উপত্যকার বিভিন্ন গ্রাম ঘুরে-বেড়ালে কারও কারও বাড়িতে অস্পষ্ট অক্ষরে দু-একটা খাতার পৃষ্ঠা উদ্ধার করা যায় বটে, যে খাতার পৃষ্ঠায় বিয়ের গান, পুজোর পাঁচালি, ব্রতের কাহিনি কিংবা বাদশাতলার কোনও কীর্তন গান লেখা আছে। অনেকের খাতা হাতিয়ে এই লুপ্তপ্রায় সংস্কৃতি উদ্ধারের চেষ্টা করেছি অনেকবার কিন্তু ব্যর্থ হয়েছি প্রতিপদে। অনেক ব্যাপারে তাদের সাহায্য চেয়েও ব্যর্থ হতে হয়েছে বার বার, যেন তারা লজ্জায় আঁধা হয়ে যায়। বিভিন্ন সময়ে তাদের নানা লোকসংস্কৃতির অনুরোধে অংশগ্রহণ করেছি তথ্য সংগ্রহের আশায়।

অনেক দিন আগের কথা। আমার মাসির বাড়ি দুর্লভহাড়ায় মায়ের সঙ্গে জৈষ্ঠ সংক্রান্তিতে উপস্থিত ছিলাম। দূর-দূরান্তের বাড়ি থেকে কাঁসর-ঘন্টার আওয়াজের সঙ্গে ভেসে আসছিল শঙ্খধ্বনি, উলুধ্বনি। এই দিনটিতে নারীরা নিজ নিজ বাড়িতে ব্রত পালন করেন। মাসিও সেদিন সকাল সকাল স্নান সেরে ব্রতপালনের প্রস্তুতি নিচ্ছিলেন। সঙ্গে আমার মা-ও স্নানকার্য সম্পন্ন করে সে-ব্রতে অংশ গ্রহণ করেছেন। আমি সবকিছু কৌতূহলের সঙ্গে উপলব্ধি করছিলাম।

পবিত্র পরিবেশ। কোনও মূর্তি নেই। একটা মাটির ঘটে সিঁদুর দিয়ে স্বস্তিক চিত্রন করা হয়েছে। ঘটের ওপর নারকেল, তার ওপর ছোট্ট একটা গামছা, ফুল, বেলপাতা, দুব্বো ইত্যাদি। ঘটের বাঁদিকে একটা পেতলের থালায় রাখা আছে কিছু চাল, ডাল, নুন, লংকা, মসলা, এক কাপ তেল

সহ নানান রকমের ভোজ্য। প্রসাদ স্বরূপ অন্য একটা পেতলের থালায় আছে আম, কাঁঠাল, জাম, নারকেল, আনারস, শসা, খেজুর, আপেল, আঙুর যাবতীয় জিনিস। এগুলো শিল্পকৃতির মতো সুসজ্জিত। ডানদিকে একটা পেতলের গামলায় খই, চিড়ে, দই এবং তার ওপর কলা-গুড়। পাশের একটা থালাতে আটকড়াই। অর্থাৎ আট রকম ভাজা করা জিনিসের প্রসাদ। যেমন — ছোলা, মটর, চাল, কাঁঠাল বিচি, সিম বিচি, বাদাম, ভুট্টা আর যব। আটকড়াই নাকি এই ব্রতের মূল-প্রসাদ। এছাড়া আছে চাল, কলা-মাখা প্রসাদ ও পান-তাম্বুল। ধূপ-দীপ জ্বলছে। চন্দনের উগ্র গন্ধ চারদিকে ছড়িয়েছে। যেন স্বর্গীয় পরিবেশ।

এই ব্রত হচ্ছে কর্ম্মতি ঠাকুরের ব্রত। নামটা কীভাবে এলো তা জানা যায় না। এবং তার অর্থই বা কী তাও জানা সম্ভব নয়। ইনি পুরুষ দেবতা। মূর্তিহীন। নিরাকার। জৈষ্ঠ মাসের শেষের দিন অর্থাৎ সংক্রান্তির দিন শ্রীহৃতীয় গ্রাম্য নারীরা এই ব্রত করে থাকেন। পুরুষরাও এই ব্রত করতে পারেন, তবে পুরুষদের এই ব্রত করতে দেখা যায়না। ব্রতের দিন নারীরা চালের গুড়ো ভিজিয়ে সুন্দর করে সমস্ত ঘরে-বাইরে আলপনা রচনা করেন। ব্রত যাঁরা করেন তাঁরা আগের দিন নিরামিষ আহার করেন। পুজো আরম্ভ হলে নারীরা এক সঙ্গে বসে হাতে ফুল-বেলপাতা নিয়ে জোড়হাত করে গল্প শোনেন। গল্পটি বলেন এক অভিজ্ঞ নারী, আর বাকিরা চুপ করে বসে সম্পূর্ণ গল্পটি হৃদয়ঙ্গম করেন। গল্পটি হচ্ছে কর্ম্মতি ঠাকুরের গল্প। শীখ বাড়িয়ে উলুধ্বনি দিয়ে গল্প শুরু করা হয় —

“এক বুড়া বেটা আছিল। তার দুই পুড়ি। বুড়া বেটার সংসার চলত ভিক্ষা করিয়া। বুড়া বেটা ভিক্ষা করাত গেলে তার পুড়ি দুটা বাড়িত সকল কাম করত। কাম করা

শেষ অইলে একটায় আরকটার উকইন বাছত। একদিন তারার বাবা ভিক্ষা করাত গেছইন, তারার বাবা ভিক্ষা করিয়া আনিয়া খোওয়া খান অগুন রদিত দিয়া একটায় আরকটার উকইন বাছতে বাছতে ঘুমাই গেছে। আর অবায় চড়াইয়ে স্কল খান খাইয়া গেছে গিয়া। আকতা ঘুম ভাঙছে—তখন তারা দেখে একটাও খান নাই। তারা বেজান কান্দা-কান্দি করে আর এক বইনে আরক বইনরে কর—অখন তো বাবা আইলে আমরা মারিলাইবা। স্কল খান চড়াইয়ে খাইয়া গেছে গিয়া, ভাত রান্দা কেমনে আইব। আইজ উপাস থাকা লাগব।

তারা কান্দের আর কর — আইজ আমার রক্ষা নাইরে বইন। দুইয়ো বইনে কান্দের, খালি কান্দের। এমন সময় দুফর বেলা এক বুড়া বেটা আইছে ভিক্ষা করাত। বুড়া বেটারে দেখিয়া তারা কয় — আমার বাবায়ও ভিক্ষা করইন। বাবায় ভিক্ষা করিয়া আনলে তো আমরা খাই। কুনদিন ভিক্ষা পাইন তো কুনদিন পাইন না। আমরা বাবার অপেক্ষাত বইয়া থাকি। তাইন ভিক্ষা লইয়া আইলে আমরা রান্দা করিয়া খাইমু। আইজ বাড়িত কতটা খান আছিল, অতা রদিত দিয়া আমরা উকইন বাছাত লাগছিলাম, উকইন বাছতে বাছতে ঘুম খরিলাইছিল। আকতা ঘুম ভাঙছে — দেখি সব খান চড়াইয়ে খাইয়া গেছে গিয়া। আইজ আমার রক্ষা নাই। বাবায় তো শেষ করি লাইবা। আপনারে আমরা কইতাকি ভিক্ষা দিতাম কইন-চাইন। বুড়া বেটায় কয় — মাইগো, অউ খান জারিয়া দেখ দুইটা চাউল পাইবায়, একটা আমারে দিবায় আর একটা তুমরা রাখবায়। বুড়া বেটার কথা শুনিয়া পুড়ি দুটায় খান জারিয়া হাচার হাচা দুইটা চাউল পাইলাইছে। একটা নিজেরা রাখছে আর একটা বুড়া বেটারে দিলাইছে। বুড়া বেটায় যাওয়ার সময় পুড়ি দুটারে কইয়া গেছে — তুমরা কর্মতি ঠাকুরর বর্ত করিও। কর্মতি ঠাকুরর বর্ত করলে তুমরার দুঃখ দূর আইব, খন সম্পত্তি বাড়ব।

পুড়ি দুটায় কয় — কর্মতি ঠাকুরর বর্ত কেমনে করা লাগে ইতাতো জানিনা। কুনদিন কর্মতি ঠাকুরর বর্ত করইন তাও জানিনা। নিয়ম নির্ধার জানা নাই।

তখন বুড়া বেটায় কয় — তুমরা আইজ-ই বর্ত

করা আরম্ভ করি দেও। আইজ জ্যৈষ্ঠ-মাসর সংক্রান্তি। জ্যৈষ্ঠ-মাসর সংক্রান্তির দিন উপাস থাকিয়া কর্মতি ঠাকুরর বর্ত করা লাগে।

পুড়ি দুটায় কয় — বাড়িত তো কিছু নাই, বাবাও ভিক্ষা করিয়া আইছইন না। আমরা কর্মতি ঠাকুরর বর্ত কিতা দিয়া করমু।

বুড়া বেটা কয় — বাড়ির ভিতরে গিয়া দেখ ভাঙারও কুনতা থাকত পারে।

কর্মতি ঠাকুরর বর্তর কথা কইয়া বুড়া বেটা গেছইন গিয়া। পুড়ি দুটা বাড়ির ভিতরে গিয়া যেতাত হাত দেয় স্কলতা ভর্তি দেখে। পুড়ি দুটায় বুঝি গেছে — হউ বুড়া বেটাই কর্মতি ঠাকুর।

পুড়ি দুটায় সারাদিন না খাইয়া উপাস তো এমনও আছিল। অউ দিনই কর্মতি ঠাকুরর কথা মত স্নান করিয়া বর্ত করা আরম্ভ করি দিলাইছে। যেতা যেতা লাগে সবতা সাজাইয়া কর্মতি ঠাকুরর ঘট বসাইয়া পূজা করাত লাগি গেছে। অউদিন তারার বাবায় বেশি ভিক্ষা পাইছইন।

প্রতি বছর জ্যৈষ্ঠ মাসর সংক্রান্তির দিন আইলে তারা কর্মতি ঠাকুরর বর্ত করে। অখন তারার আর দুঃখ নাই। খন সম্পত্তিও বেজান বাড়ি গেছে।

একদিন তারা দুই বইনে কয় — আমাদের বিয়া দিলাইলে বাবা একলা একলা কেমনে থাকবা। আমাদের বিয়া দেওয়ার আগে বাবারে বিয়া করাই দিলে তো তানে দেখার মানুষ আইব। বাবারে বিয়া করাইত করি দ-বইনে খুব জুরাজুরি করের। তাইন রাজি হইন না বিয়া করাত। তারা দ-বইনে মিলিয়া জুর করিয়া বাবারে বিয়া করাই দিলাইছে। বিয়ার পরে তারার সত-মায় তারারে বড় জ্বালায়, সারাদিন কাম করায়, মারে, গালাগালি করে।

বুড়া বাড়িত আইলে সত-মায় ভাল লাগাইয়া কয় — তুমরা পুড়ি দুটায় কুন কাম কাজ করে না, বাড়িত বইয়া বইয়া খায় আর খন সম্পত্তি অগুন ধ্বংস করের।

জ্যৈষ্ঠ মাস আই গেছে। সংক্রান্তির দিন দ-বইনে পূজা করত। পূজার জিনিস ঠিকঠাক করিয়া পূজা আরম্ভ

করি দিলাইছে। পূজা শেষ আইলে পরে তারা দ-বইনে ঠাকুর ঘরর দরজা বন্ধ করিয়া বাইরে গেছে। অউ ফাকেদি তারার সত-মায় কর্মতি ঠাকুরের সব প্রসাদ চুরি করিয়া খাইলাইছইন। কর্মতি ঠাকুরে ঘুমা করিয়া জিহ্বা দিয়া ঘরর খুটির লগে সত-মারে বান্দিয়া রাখি দিছইন। কতক্ষন পরে তারা দ-বইনে ঠাকুর ঘরর দুয়ার খুলিয়া দেখে তারার সত-মার অউ অবস্থা।

তারা কয়—অও ঠাকুর আইজ তো আমার বাবায় আমরা মারিলাইবা।

কর্মতি ঠাকুরর ঘটর জল সত-মার গাত ছিটাইয়া দেওয়া মাত্র আপনাই জিহ্বার গিট খুলি গেছে।

বুড়া বাড়িত আইলে সতমায় কয় — তুমরা পুড়িনতর জ্বালায় আমি আর পারছি না। অতারে নির্বাস দিয়া আও। সত-মায় তারার বাবারে রুজ জ্বালাইয়া খায়, আর রুজ কয়-অতারে নির্বাস দিয়া আও।

বুড়া তার বউর জ্বালায় না পারিয়া একদিন পুড়িনতরে কয়—বহুত দিন আইছে তুমরা আমার বাড়িত গেছনা, চলো তুমরারে লইয়া আমার বাড়ি বেড়াইয়া আই।

তারা দ-বইনে আমার বাড়িত যাওয়ার লাগি রাজি আই গেছে। যাওয়ার সময় ভাল-ভালা খাওয়া লইছে, আর তারার বাবায় লইছইন বেজান পান-শুয়া।

দ-বইনে বাবার লগে লগে বেজান হাটের। হাটতে হাটতে পথ আর ফুরায় না। বাব্বা দূর যাওয়ার পর এক বইনে জিগায় — বাবা আর কত দূর ?

তারার বাবায় কইন — আর বেশিদূর নাযরে মাই।

অরকম করতে করতে দ-বইনে বাবার লগে লগে হাটের। হাটতে হাটতে তারা এক গভীর জঙ্গল আই গেছে। সারাদিন হাটার লাগি তারা দ-বইনর ঘুম পাই গেছে। ফুরতা মানু।

তারার বাবায় কইন — অউ বটগাছর ডলে থুড়া জিরাইলাই, তারপর আবার হাটিমু।

দ-বইনে বাবার উরাত মাথা রাখিয়া ঘুমাই গেছে।

অউদিকে তারার বাবায় পান খাইয়া চাইরদিকে পানর পিক দিয়া ভরাই দিছইন। তারপরে কলে কলে পুড়ি

দ-বইন মাথা উরার উপর থাকি নামাইয়া থইয়া কানতে কানতে বাড়ির দিকে রওয়ানা লইছইন।

আকতা পুড়ি দুটার ঘুম ভাঙছে, তারা দেখে বাবা নাই। চাইরদিকে রুজ। তারা পানর পিকরে রুজ মনে করছে। রুজ দেখিয়া তারা কান্দা আরম্ভ করি দিছে।

কান্দিয়া কান্দিয়া তারা কয় — আমাদের বাবারে বাঘে খাইলাইছে।

ইদিকে আন্দাইর আই গেছে। তারা যাইত কই। কর্মতি ঠাকুরর নাম লইয়া বট-গাছর দিকে হাত জুড় করিয়া তারা কয় — সত্যির বট যদি আইয়া থাক তাইলে ফার দেও।

তখন বট-গাছ ফারি গেছে। তারা সারা রাইত অউ বট-গাছর ভিতরে রইছে। সকাল বেলা তারা বট-গাছর ভিতরে থাকি বাইরে আইছে। অউদিনই আছিল কর্মতি ঠাকুরর বর্ত।

তারা উপাস থাকিয়া বটগাছর গুটা, বালু অতা দিয়া কর্মতি ঠাকুরর বর্ত আরম্ভ করি দিছে। বর্ত শেষ আইলে জুকাড় দেয়। অউ সময় দূরে রাখাল বালকরা কর — আমরা রুজ ইকানো গরু চরাই, কুনদিনও জুকাড় শুনছি না। আইজ জুকাড় শুনা যায় কিয়র ?

চিল্লাইয়া কয় — ইকানো ভূত না পেরতরে ? তারা সাহস করিয়া আইয়া দেখে দুইটা সুন্দর মাইয়া পূজা করের।

তখন রাখালরা জিগায় — তুমরা কে ?

পুড়ি দুটায় কয় — আমরা বাবার লগে আইছলাম আমার বাড়ি যাওয়ার লাগি। আমাদের বাবারে বাঘে খাইলাইছে। আমরা অখন কই যাইতাম। এর লাগিয়া অউ বট-গাছর ভিতরে রাইত থাকি আর দিনর বেলা বাইরে বা- (হে)রাই।

পুড়ি দুটার কষ্টর কথা শেষ আইলে রাখাল বালক গুলারে প্রসাদ দিছে খাওয়ার লাগি।

গাছর গুটা আর বালুর প্রসাদ।

রাখালরা প্রসাদ খার আর কয় — এই রকম প্রসাদ



কুনদিনও খাইছিনারে, অমৃতর মতন লাগে।

রাখাল বালকণ্ডলায় কয় — তুমরা আমরা হউ নদীর ধার একটা ঘর বানাইয়া দিমু, তুমরা হুকান থাকবায়।

তারা সবে মিলিয়া একটা ছুট ঘর বানাইয়া দিলাইছে। কুনমতে গাছর শুটা-উটা খাইয়া তারার দিন কাটের। অত কষ্টর মাঝেও তারা কর্ম্মাতি ঠাকুরর বর্ত করা ভুলছে না। জ্যৈষ্ঠ মাসর সংক্রান্তির দিন আইলে তারা ভক্তিভরে কর্ম্মাতি ঠাকুরর বর্ত করে। অউ বর্তর দিন সঙ্কল রাখাল আইয়া কর্ম্মাতি ঠাকুরর প্রসাদ খাইয়া যায়।

একদিন নদীর ধার রাজার পুয়া আর কোতোয়ালর পুয়া গেছে শিকার করাত। তারা দেখে নদীর ধার একটা ছুট ঘর। তখন তারা কয় — ইকান কার ঘর দেখিচাইন গিয়া। তারা বাড়ির সামনে গিয়া ডাকের — বাড়িত কে আহ গো ?

ডাক শুনিয়া দবইনে বাইরে বারাইয়া দেখে দুইটা পুরুষ মানুষ দাড়ানি। তারা অউ দুইজনরে কুনদিন দেখেছনা।

কোতোয়াল কুমারে পুড়িনতরে কয় — আমরারে একটু আগুন দিবায় নি ?

রাজার পুয়া আর কোতোয়ালর পুয়ায় পুড়ি দ-টার সুন্দর রূপ দেখিয়া কয় — তুমরা বিয়া করবায় নি ?

দ-বইনে কয় — আমরারে কে বিয়া করব।

রাজার পুয়া আর কোতোয়ালর পুয়ায় নিজর নিজর পরিচয় তারারে কয়। তারপর রাজকুমারে বড় বইনরে আর কোতোয়াল কুমারে ছুট বইনরে বিয়া করার কথা জানায়।

একদিন ঢাক-চুল বাজাইয়া দুইজনে দুই বইনরে বিয়া করিয়া লইয়া গেছে।

কতদিন পর দুই বইনর দুই পুয়া আইছে। দুই বইনর সুখর সংসার।

বড় বইনে বিয়ার পর রাজরানী আইয়া কর্ম্মাতি ঠাকুরর বর্ত করা বাদ দিলাইছে, কিন্তু ছুট বইনে প্রতি বছর জ্যৈষ্ঠ মাসর সংক্রান্তির দিন কর্ম্মাতি ঠাকুরর বর্ত করে। বড় বইনে কর্ম্মাতি ঠাকুরর বর্ত না করায় ধন-সম্পত্তি শেষ আইয়া একেবারে ফকির আইগেছেগি। ছুট বইনে নিয়ম মত সব বছর কর্ম্মাতি ঠাকুরর বর্ত করে দেখিয়া দিন দিন ধন-সম্পত্তি আরো বাড়ের।

অতদিনে তারা এক বইনে আরেক বইনর খুজ খবর নিছেনা। এক দেশই তারার বাড়ি।

একদিন বড় বইনে তার পুয়ারে কয় — যা, তর মাসির বাড়িত থাকি বেড়াইয়া আয়। মার কথামত পুয়ায় মাসির বাড়ি বেড়ানিত গেছে-গিয়া। হিকানো গিয়া কত রকমর গল্প করের। মাসিয়ে তার বাবার কথা, মার কথা, সংসারর কথা সবতা জিগায়।

অউদিনই কর্ম্মাতি ঠাকুরর বর্ত আছিল। ছুট বইনে তার বড় বইনর পুয়ারে কয় — তোর মায় কর্ম্মাতি ঠাকুরর বর্ত করইন নি ?

পুয়ায় কয় — নাগো মাসি, মায় কুন বর্ত করইন না। ছুট বইনে বর্ত করা শেষ করিয়া বড় বইনর পুয়ারে পেট ভরিয়া প্রসাদ খাবাইয়া তার মা-বাবার লাগি প্রসাদ দিয়া দিছে। হে প্রসাদ নিয়া যার - অউ সমস্ত জঙ্গলর ভিতরে থাকি এক বুড়া বেটা বারাইয়া তার হাতর প্রসাদ কাড়িয়া কইন — “অও আটকড়ির পুয়া, আমার প্রসাদ লইয়া কই যাছ ? দেঃ আমার প্রসাদ।”

বুড়া বেটায় পুয়া অঙর হাত থাকি কাড়িয়া নিয়া সব প্রসাদ খাইলাইছন।

পুয়া অঙয়ে কানতে কানতে তার মাসির কাছে গিয়া সব কথা কইছে। তার মাসিয়ে সব কথা শুনিয়া বুঝিলাইছন — এই বুড়া বেটা আর কেউ নাগো, তাইন কর্ম্মাতি ঠাকুর।

একবছর পরে আবার কর্ম্মাতি ঠাকুরর বর্তর দিন আইছে। বর্তর দিন ছুট বইনে বড় বইনরে, তার জামাইরে, তার পুয়ারে নিমন্ত্রণ করিয়া আনাইছে। তারপর বড় বইনর জামাইর চুল দাড়ি কাটাইয়া ছান-টান করাইয়া পেট ভরাইয়া খাবাইছে।

ছুট বইনে বড় বইনরে কয়, ‘আইজ কর্ম্মাতি ঠাকুর বর্ত। আমরা দজনে একলগে বর্ত করমু।’

বড় বইনে ছান করাত গিয়া পুঙ্করিণিত ডুব দিয়া পানি খাইলাইছে। অউদিন তাইর আর কর্ম্মাতি ঠাকুর বর্ত আইছেনা। তার পরর বছর তাই খই বাচতে বাচতে একটা

খই খাইলাইছে। অউ বছরও তাইর কর্ম্মাতি ঠাকুরর বর্ত করা আইছে না।

ছুট বইনে করছে কিতা — তার পরর বছর দ-বইনর শাড়িয়ে শাড়িয়ে আর চুলে চুলে গাইট বানছে। তো অউবার তাইর ঠিক মত কর্ম্মারি ঠাকুরর বর্ত আইছে। অউ বছর থাকি তাই আবার কর্ম্মাতি ঠাকুরর বর্ত করা আরম্ভ করছে। তাইর ধন-সম্পত্তি আবার আন্তে আন্তে বাড়ি গেছে। অখন তারা দ-বইনে একলগে মিলিয়া জুলিয়া থাকে।

একদিন দ-বইনে যুক্তি করিয়া কয় — আমরার বাবারে হাচার হাচা বাঘে খাইছে না আছনই, দেখিচাইন পরীক্ষা করিয়া। তারা দারোয়ান, প্রজা, সঙ্কলরে ডাকিয়া বুঝাই দিছে-তুমরা দেশ বিদেশ চুল পিটিয়া কও যে একটা পুঙ্করিণি কাটা আইব। যে এক টুকরি মাটি ফালাইব তারে এক টুকরি টেকা দেওয়া আইব। তারা দারোয়ানরে কইয়া দিছে — কুন বুড়া মানুষ আইলে তানে মাটি ফালাইতে দিও না, আমরার কাছে লইয়া আইয়।

এক টুকরি মাটি ফালাইলে এক টুকরি টেকা দেওয়া আইব শুনিয়া তারার সত-মায় লুভ সামলাইতে না পারিয়া বুড়ারে কয় — যাও, কষ্ট করিয়া এক টুকরি মাটি ফালাইয়া আও গিয়া, এক টুকরি টেকা পাইবায়।

তারপর আর কষ্ট করা লাগত নায়, সারা জীবন বইয়া বইয়া খাওয়া যাইব।

বুড়ার শরীলো শক্তি নাই, কীলা এক টুকরি মাটি ফালাইত। বউর যজ্ঞপাত বুড়া মাটি ফালানিত গেছে। বুড়া মাটি ফালানিত আওয়ার লগে লগে বুড়ারে দেখিয়া দারোয়ানরা তারার দ-বইনর কাছে লইয়া আইছে। দ-বইনে তারার বাবারে দেখিয়া চিনি লাইছে। তখন তারা বাবারে চুলদাড়ি কাটাইয়া, ছান করাইয়া আনাইছে। নতুন কাপড় পিন্দাইয়া ভালো ভালো কত রকমর খাওয়া খাইতে দিছে। বুড়ায় মনে মনে ভাবিতরা- তানে বুড়য় পুঙ্করিণিত বলি দেওয়া আইব।

বুড়া তো ভয়ে কাপরা। তাইন খাওয়াত বইয়া কান্দিতা আর কইরা — মাইরে, তুমরার লাখান আমারও

দুইটা পুড়ি আছিল। তারার সত-মার অশান্তিত পুড়ি দটারে নির্বাস দিয়া আইছি।

দ-বইনে কয় — কাইন্দইন না যেন, তুমার পুড়ি দটার লাগি চিন্তা করা লাগত নায়। তুমি পেট ভরিয়া খাও।

দ-বইনে নিজর পরিচয় দিয়া কয় — বাবা আমরাই তুমার দুই পুড়ি। তুমি আমরারে নির্বাস দিয়া আইছলায়। বুড়ায় তখন পুড়ি দ-টারে আজাইয়া ধরিয়া ইচ্ছামত কান্দিলাইছে।

তারপর দ-বইনে তারার বাবারে আর যাইতে দিছে না, তারার কাছে রাখি লাইছে।

হদিকে বুড়ি সত-মা একলা একলা পড়িয়া কান্দে।

কর্ম্মাতি ঠাকুরর কৃপায় অখন তারার বেজান ধন সম্পত্তি ও মান-সম্মান বাড়ি গেছে। জ্যৈষ্ঠ মাসর সংক্রান্তির দিন আইলে দ-বইনে মিলিয়া সব নিয়ম নিষ্ঠা করিয়া ভক্তিভরে কর্ম্মাতি ঠাকুরর বর্ত করে। কর্ম্মাতি ঠাকুরর আশীর্বাদে তারা অখন সুখে-শান্তিতে দিন কাটার।

অউখান কর্ম্মাতি ঠাকুরর বর্তর কিছা সমাপন হইল।”

গল্প বলা শেষ হলে সকলে উলুখনি দেয়, শাঁখ বাজায়। তারপর ভূমিষ্ঠ হয়ে প্রণাম করে। সকলকে প্রসাদ বিতরণ করা হয়। উপোস করা নারীরা সেদিন প্রসাদ ছাড়া অন্য কিছু খায়না।

এই গল্পের লেখক কে, কোন পরিবেশে এই গল্পটির জন্ম হলো এই ব্রত করার পেছনে কী মনোভাব কাজ করেছিল, প্রথম কোথায় এই ব্রত হয়েছিল ? কে প্রথম এই ব্রত করেছিলেন — তার হদিস মেলা ভার। তাছাড়া এই গল্পটি লিখিত অঙ্করে কোথাও পাওয়া যায় না। লোক-সাহিত্য কিংবা লোক সংস্কৃতির নিয়মটাই যে তাই। সেটা ছাপার অঙ্করে অনুপস্থিত। লোক-সাহিত্য কিংবা লোক-সংস্কৃতি হল এমন রচনা যা মানব সমাজে শ্রুতি নির্ভরতার মধ্য দিয়ে প্রবাহমান — অথচ যার রচয়িতার নাম জানা যায় না। এখানে ব্যক্তি মনের প্রতিফলন ঘটে না, ঘটে সমাজ মনের প্রতিফলন। আসলে গ্রামের অশিক্ষিত নিম্নবিত্ত জনসাধারণের ঘরাই এই সমস্ত সাহিত্য কিংবা সংস্কৃতির জন্ম।



## বাংলা ছোটগল্পে ধর্মাত্মতার বিরুদ্ধে প্রতিবাদ

রায়হানা বেগম

স্নাতক তৃতীয়বর্ষ (বাংলা সান্মানিক)

বন্দোপাধ্যায়ের ‘কলিকাতার দাস্তা ও আমি’ (বসুমতী) বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের ‘বিশ্বাস’, ‘সত্যগ্রহী’, পরিমল গোস্বামীর ‘হত্যা’ (পরিচয়-১৩৫৩), মনোজ বসুর ‘হিন্দু মুসলিম দাস্তা’ (দুঃখ নিশার শেষে-১৩৫১), ‘একটি দাস্তার কাহিনী’ (ঋদ্যোত-১৩৫৭) রমাপদ চৌধুরীর অঙ্গ পালি (গল্প সমগ্র-১৩৫৬) ইত্যাদি।

এই গল্পগুলির মধ্যে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ‘কলিকাতার দাস্তা ও আমি’ গল্পটির প্রতি দৃষ্টি দেওয়া যাক।

বাঙালি জাতির আত্মহানাহানির কলঙ্কের গভীর গোপন লজ্জা চিত্রায়িত করেছেন সেই অবমাননারই অংশীদার, অন্যতম সাহিত্যিক তারাশঙ্কর তার ‘কলিকাতার দাস্তা ও আমি’ গল্পে সাম্প্রদায়িক হানাহানির সেই চরম বীভৎসতা, পাশবিকতার মূল কারণ নির্ণয়ের জন্য অনেক গবেষণা হয়েছে, বাকচাতুর্যের বন্যা বয়েছে, অভিসম্পাতের ঝড় উঠেছে, কিন্তু প্রতিকারের পরিবর্তে, অকপটে আত্মকুটিলতা স্বীকারের পরিতর্কে শেষ পর্যন্ত গ্রানি ও অসহায়ের শেষ আশ্রয় ভগবানের কাছে প্রার্থনাই বড় হয়ে উঠেছে। কাহিনীর মধ্য দিয়ে লেখক দেশে যাওয়ার পথে ট্রেনের মধ্যে যাত্রীদের আতঙ্কিত মনের অবস্থা বর্ণনার মাধ্যমে সেই বীভৎসতার চিত্রকে তুলে ধরেছেন। ট্রেনের কামরায় ধনী-দরিদ্র সকলেই রয়েছেন। একই আতঙ্কে হিন্দু, মুসলমান সবাই শঙ্কিত। বিশ্বাসের ক্ষীণ রেশ মিলিয়ে গেছে সবার মন থেকে। তাই লেখকের দেশেরই পরিচিত হাফিজ তার জীর বোরখা লুকিয়ে রেখে নিজে ধূতি-পাঞ্জাবি পরে দেশে রওনা হয়েছে সংখ্যাধিক হিন্দু যাত্রীদের মধ্যে নিজেকে হিন্দু পরিচয় দিয়ে। এবং ভাষার উচ্চারণের মধ্যে পাছে তার সাম্প্রদায়িক পরিচয় প্রকাশ পায় তাই সে লেখকের সঙ্গে দৃষ্টি বিনিময় করেও বাক্য বিনিময় করেনি শঙ্কায়। রোজা পালনের জন্য সিগারেট গ্রহণ করেনি। এবং যখন লেখক রাত্রিবেলা ওয়েটিং রুমে না থেকে, হিন্দু কুলির নিবেদন সঙ্গে মুসলমান গাড়োয়ানের গাড়িতে গ্রামে রওনা হওয়ার জন্য হাফিজকে ডেকেছেন তখনই প্রমাণিত হয়েছে যে মানুষের মন থেকে বিশ্বাস ও গেছে হারিয়ে। হাফিজ তখন মুসলমান স্টেশনের মুসাফেরখানার একদিকে মুসলমান দলের মধ্যে জাঁকিয়ে

বসেছে। আত্মগ্লানির প্রায়শ্চিত্ত করার জন্য হাফিজকে সঙ্গী হিসেবে যখন লেখক আমন্ত্রণ জানিয়েছেন, হাফিজ তা অস্বীকার করেছে।

কিন্তু গল্পের শেষে আশাবাদী লেখক মানবতার জয়ই ঘোষণা করেছেন। স্বার্থান্বেষী রাজনীতিকদের রাজনীতির চক্রান্তের ফলে যে বিপর্যয়, যে সর্বনাশ ঘটে গেল বিভেদের রুদ্ধ সুরে, আত্মহানাহানির রক্তে লাল হয়ে গেল বাংলার আকাশ, তা শুধু গন্ডিবদ্ধ। সাধারণ মানুষ শেষ পর্যন্ত হিন্দুত্ব বা ইসলামত্বকেই সর্বস্ব করে টিকতে পারেননি। তাই প্রচন্ড বৃষ্টির মধ্যে অন্ধকার নির্জন গ্রামের পথে নিতাই বাউল লেখকের সঙ্গে মুসলমান গাড়োয়ানের গাড়িতে এসে উঠেছে। যে সুন্দীপুরের বটতলায় গেলে মানুষের মাথায় খুন চাপে সেই বটতলার কাছেই গাড়ির মধ্যে লেখক ও বাউল শেখের সঙ্গে একই সঙ্গে সিগারেট ধরিয়েছে। শিক্ষিত হাফিজ যখন লেখককে বিশ্বাস করতে পারেনি, অশিক্ষিত গাড়োয়ান শেখের মাথায় তখনও সুন্দীপুরের বটতলায় খুন চাপেনি। সে বিশ্বাস জাগানোর জন্য মিনতি করেনি, লেখককে বাড়ি পৌঁছে দিয়ে তা প্রমাণ করতে চেয়েছে। অশিক্ষিত সাধারণ মানুষ বলেই সে বটতলায় বসে ভগবানের উদ্দেশ্যে নিজের পাপের কথা

অকপটে বলতে চেয়েছে, কিন্তু লেখকের মত শিক্ষিতজনেরা, যাঁরা দরিদ্রকে ভালোবাসার মিথ্যে ভান করেন, সব সম্প্রদায়কে সমান চোখে দেখার কথা ঘোষণা করেন, মানুষের আত্মহানাহানির উন্মত্ততায় শুধু চোখের জল ফেলেন, কিন্তু আত্মকে রক্ষা করতে পারেন না প্রতিষ্ঠা ও প্রাণের ভয়ে, সমাজের উচ্চস্তরের সেসব মানুষেরা পারেন না অকপটে পাপের কথা স্বীকার করতে।

দাস্তার পটভূমিতে যেসব গল্প লেখা হয়েছে সেই গল্পগুলোতে এই কথাটিই বোঝানোর চেষ্টা হয়েছে যে সাম্প্রদায়িকতা, জাতিভেদ ইত্যাদির সঙ্গে ধর্মের কোন সম্পর্ক নেই, ধর্ম মানুষকে ধারণ করে, আ মানুষকে বিপদের মুখে ঠেলে দেয়না। জাতিভেদ মানুষ সমাজের সৃষ্টি, গল্পগুলির মাধ্যমে মানুষের শুভবুদ্ধির কাছে আবেদন জানানো হয়েছে। আবেদন জানানো হয়েছে সাম্প্রদায়িকতার কালো ছায়ায় দূরে সরিয়ে মানুষে মানুষে মেল বন্ধনের দ্বারা সুসংহত সমাজ গঠনের। গল্পগুলির মাধ্যমে পাঠকদের সাম্প্রদায়িকতার উৎস মূলে পৌঁছে দেন লেখকগণ। সাম্প্রদায়িকতার ভয়াবহ পরিণাম সম্পর্কে মানুষকে সচেতন করে তোলেন।

রম্য রচনা

## ফ্যাশন

রোজিনা বেগম

স্নাতক দ্বিতীয় বর্ষ

আজকাল ফ্যাশনের নামে যে বেশ-ভূষা চলছে তা অনেককে ভাবিয়ে তোলে। এসব তীব্র ফ্যাশন প্রীতি আবার অনেককে অনেক সমস্যায় ফেলে দেয়। যেমন আমাদের দত্তবাবুর কথাই ধরা যাক। দত্তবাবুর ছোটবোনের বিয়ে। বাড়িতে অনেক অতিথি সমাগম হয়েছে। তুমুল হৈ-হুল্লোড় চলছে। দত্তবাবু

একটি পানের বাটা হাতে করে বাইরে থেকে ঘরে ঢুকছিলেন। দরজার সামনে একজন ফ্যাশনদুরন্ত ভদ্রমহিলাকে দেখে বললেন “এই যে দিদি শুনছেন পানের বাটাটা একটু ভিতরে নিয়ে গিয়ে কিছু পান এবং শুপারি নিয়ে আসুন।” দত্তবাবুর কথা শুনে ভদ্রমহিলা পিছন ফিরে তাকিয়ে রণরঙ্গিনী রূপ ধারণ করলেন। দত্তবাবুকে অবাক করে দিয়ে ভদ্রমহিলা একরকম টেনে হিঁচড়ে তাকে একটি খালি কক্ষে নিয়ে বললেন, “তোমার মাথা খারাপ হয়েছে নাকি? এভাবে সবার সবার সামনে আমাকে দিদি দিদি ডাকছ, লোকে কী বলবে?” দত্তবাবুর চক্ষু চড়ক গাছ। একী, এয়ে তারই সহধর্মিণী। দত্তবাবুর মত ভ্রম আজকাল অনেকেরই হয়ে থাকে।



## আমার ভাই

ইয়াছমিন সুলতানা (সাকি)  
উচ্চমাধ্যমিক প্রথম বর্ষ (কলা বিভাগ)

যেওনা আমার ভাই,  
যেওনা আমার ছেড়ে।  
তুমি চলে গেলে,  
আমার চোখে যে জল ঝরে।

ছোটবেলায় মোরা দুজন  
কত খেলা করতাম

ঘরের কোণে লুকিয়ে মোরা  
লুকোচুরি খেলতাম।  
দুইটিমতে মন ছিল,  
ছিলনা মন পড়াশোনায়।

মা যখন মারতেন,  
পড়তাম ভীষণ কান্নায়।  
ছোটবেলার সেই কথা,  
ভোলা তো যায় না।

সেইদিন আর কখনও,  
ফিরে তো আসবে না।  
অশ্রু সাগর দিয়ে তুমি,  
চলে গেলে আমার ছাড়া  
ফিরে এসো ভাই তাড়াতাড়ি।  
এই বোনকে মনে রেখো  
সারাটি জীবন।

ভাইয়ের কৃপা হলে যে মোর,  
হবে না মরণ।  
হাতে রাখি বেঁধে তুমি,  
করলে কামনা।  
সুখে থাক ভাল থাক,  
এইতো মোর বাসনা।

## কলেজ ও নলেজ

ফারহানা বেগম (সুহানা)  
উচ্চমাধ্যমিক প্রথম বর্ষ (কলা বিভাগ)

ছাত্র সবাই ভাই ও বোন,  
কত আপনজন।  
কলেজ নামক পাঠশালাতে  
করি অধ্যয়ন।

সিঁড়ির কাছে দাঁড়িয়ে থাকি,  
মাঝে মাঝে ক্লাশের ফাঁকি।

রুমের ভিতর বসলে,  
মনটা উঠে উছলে।

ঘড়ির দিকে চেয়ে রই,  
ঘন্টা বুঝি বাজল ঐ।

দিনের পরে যায় যে দিন,  
পড়ার প্রতি উদাসীন।

দোতলার ঐ বারান্দার,  
অসহ্য সেই অঙ্কার।  
চোখ রাখি ঐ সড়কে  
দাঁড়িয়ে জ্ঞানের আলোকে।

নীচতলার ঐ বারান্দায়,  
কান্না-হাসির দিন ফুরায়।

কিভাবে যে পৌছে যাই,  
বড় সিঁড়ির নিঁচে ভাই।

নোটিশ বোর্ডে খবর পাই,  
পরীক্ষার আর দেরি নাই।

নবীনবরণ ফাংশনে,  
নাচতে থাকি একসনে।

রঙ-বেরঙের অনেক ড্রেসিং

তবুওতো হয়না ম্যাচিং।

সবকিছুকে ভুলে গিয়ে,

চিন্তা করি অতীত নিয়ে।

ভবিষ্যৎকে ভাবতে গেলে,

কালো আঁধার আসে হেলে।

ক্লাসের ভিতর লেকচার,

এক স্যারের পর আরেক স্যার।

ভাল লাগে সব ক্লাস,

ছাড়তে থাকি কু-অভ্যাস।

প্রতিষ্ঠিত হতে চাই,

শিক্ষার মানে বুঝতে পাই।

অবহেলা করি তারে,

ভাবীজীবনের বড় সহায়

শিক্ষা ছাড়া আর কিছু নয়।

ছাত্র জীবন শেখার জীবন সবাই বলে তাই

অজ্ঞানতা দূর করতে উচ্চ শিক্ষা চাই।

জ্ঞানের প্রদীপ জ্বালিয়ে মোরা

করবো আলোকময়।

সবুজ পথে এগিয়ে যেতে

ভয়ের কথা নয়।

## এ সুন্দর পৃথিবী

আনোয়ার হুসেইন  
স্নাতক ৩য় বর্ষ (কলা বিভাগ)

এ সুন্দর পৃথিবী  
দেখতে কত যে ভাল লাগে।

কে জানে মনে মনে

কে কী স্বপ্ন দেখে।

কত স্বপ্ন চোখের জলে

ভেসে যায়।

আমার কত স্বপ্ন

জীবনকে সুন্দর করে সাজায়।

আমি ভাবি মনে মনে

আমি বড় দুঃখী।

সবার মাঝে চেয়ে দেখি

আমি বড় সুখী।

সুখ-দুঃখ নিয়েই তো

জীবনের দুটি দিন।

কেবা আছে এ পৃথিবীতে

দুঃখ হীন ?



## দেশভ্রমণের অভিজ্ঞতা

শর্মিষ্ঠা রায়

স্নাতক, প্রথম বর্ষ

ভ্রমণ মানুষের মনকে আনন্দ দেয় ও নতুন কিছু জানতে সাহায্য করে। হাজার বছর পরেও গৃহবাসী সভ্য মানুষের মনে এই পথচলার নেশা। জীবনের অঙ্গ হয়ে উঠেছে ভ্রমণ। প্রাচীন ভারতে তীর্থ পরিভ্রমণ ও পরিভ্রাজন, গার্হস্থ্য ও বানপ্রস্থ্যভ্রমণেরও রীতি ছিল। রামায়ণ, মহাভারত, পুরাণেও এই পর্যটন-পরিভ্রমণের কথা আমরা দেখতে পাই। প্রাচীনকালে তীর্থ পরিভ্রমণ থেকেই এই পরিভ্রমণ এসেছে। ভ্রমণ জ্ঞানেরও এক অধ্যায়। ভ্রমণের মাধ্যমে মানুষ জ্ঞান অর্জন করতে পারে। এক একজন মানুষ নানা কারণে, নানা উদ্দেশ্য নিয়ে ভ্রমণ করে। যেমন - কেউ গ্রন্থ, কেউ উপন্যাস, ও কেউ কবি প্রতিভার বিকাশের জন্য ও নিজের মনের আনন্দের জন্য ভ্রমণ করে। কিছু মানুষেরতো নেশা হয়ে দাঁড়িয়েছে এই

ভ্রমণ। ভ্রমণ কাহিনি আবার কেউ কেউ লিখে থাকেন। ভ্রমণ করেন অনেকেই, কিন্তু ভ্রমণ কাহিনি লেখেন স্বল্প কয়েকজন। তবে ভ্রমণ কাহিনির পাঠকের সংখ্যাও কম নয়। সঞ্জীবচন্দ্রের পালামৌও ভ্রমণ কাহিনি। ভ্রমণ কাহিনি বেশি করে এবং উৎসাহের সঙ্গে রচনা করেছিলেন জলধর সেন মশাই। আর এক প্রকার ভ্রমণ বিবরণ আছে যা তত্ত্ব প্রধান যেমন - বিবেকানন্দের 'পরিভ্রাজক', অমদা শঙ্কর রায়ের - 'পথে প্রবাসে' প্রভৃতি। প্রাগৈতিহাসিক নানা উপাদান থেকে আমরা অনেক কিছু জানতে পারি। ভ্রমণ আমাদের জীবনের এক গুরুত্বপূর্ণ অধ্যায়। তাই ছাত্রজীবন থেকেই আমাদের এ বিষয়ে উৎসাহ থাকা চাই।

## ভূমি চাষ

বাগী দাস

স্নাতক (সাম্প্রদায়িক) প্রথম বর্ষ

সর্বশক্তিমান এই পৃথিবী সৃষ্টি করার পর, পৃথিবী কেমন ছিল - ভাবলে অবাক লাগে। শুধু ছিল জল আর জল। ক্রমে ক্রমে এই পৃথিবীতে মাটির সৃষ্টি হল। তারপর এই পৃথিবীতে কোনক্রমে প্রাণের আবির্ভাব হল। পৃথিবীর একাংশ ক্রমে ক্রমে গাছ-গাছালিতে পরিপূর্ণ হল। মনু থেকে মানুষের সৃষ্টি হল বা আদম থেকে আদমীর সৃষ্টি হল। মানুষ অসভ্য থেকে সভ্য হতে শিখল। আর এই মানুষের সাথে

পাল্লা দিয়ে পৃথিবীতে বিভিন্ন জাতের পশু - পাখী, কীট-পতঙ্গের সৃষ্টি হল। সুতরাং দেখা গেল যে সমস্ত কিছুই এই ভূমি থেকে উৎপন্ন হয়েছে। তখন মনে প্রশ্ন জাগতে পারে, এই ভূমিটা কি? সর্বশক্তিমান কি দিয়ে এই ভূমিটা গড়ে তুলেছেন? কোন্ শক্তি আছে এই ভূমির ভিতরে? যা থেকে কোটি কোটি প্রাণের আবির্ভাব। যা থেকে সহস্র সহস্র গাছ-গাছালির উৎপত্তি।

অসভ্য মানুষ যখন সভ্য হয়ে চাষ-বাস করতে গেল, তখন ভূমি থেকে তারা কত মূল্যবান জিনিসপত্র উৎপন্ন করে মনি-মুক্তা, সুগন্ধী, ফল-মূল, ধান-পাট, শস্য-সামগ্রী ইত্যাদি কত কিছু। আর এই সব কিছুই এই ভূমির সন্তান।

সর্বশক্তিমান অনুরূপভাবে মানুষ হৃদয়ে আরেকটি ভূমি বা জমি সৃষ্টি করেন। এই মানুষ হৃদয়রূপ জমিতে যা

ফলে তা অসীম। পা রাখার ভূমি থেকে মানুষ-হৃদয়ের ভূমিটা সহস্রগুণ বড়। এই ভূমিতে ফল-মূল, ধান-পাট, মণি-মুক্তা কিছুই ফলে না। ফলে মহামূল্যবান ফসল সুখ, শান্তি ইত্যাদি। এই জমি চাষ করতে আবার আধুনিক বিজ্ঞানের প্রসাদ ট্র্যাক্টরের প্রয়োজন হয়না। কিন্তু প্রয়োজন হয় ধ্যান, সাধনা, ভক্তি, নিষ্ঠা, একাগ্রতা, ব্যাকুলতা, পূজার্চনা ও ভগবানকে নিয়ে চিন্তা ইত্যাদি। সে প্রসঙ্গে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের আধ্যাত্মিক ভাবনা গভীরতর। তাঁর কিছু পংক্তি -

চাষ করো দেহ জমিতে।

হবে নানা ফসল তাতে॥

কলেমার জমিতে মই দিলে।

চিন্তা কি হে এই ভবেতে॥

লাইলাহা ইলাহাতে।

বীজ ফেলা তুই বিধিতে॥

পাইবি ইমান ফসল তাতে।

আর রইবি তুই সুখেতে॥

ভূমির যেমন সীমাবদ্ধতা আছে, হৃদয়রূপ ভূমিরও

অনুরূপভাবে সীমা আছে। কিন্তু সেই সীমার ভিতরটা যদি ধ্যান, সাধনা ও পূজার্চনার দ্বারা চাষ করা যায়, তখন সে হৃদয়রূপ ভূমি থেকে নানা মূল্যবান জিনিস উৎপন্ন হয়। উৎপন্ন হয় পরম সুখ, উৎপন্ন হয় পরম শান্তি। আর তখনই মনে আনন্দ আসে, স্মৃতি আসে এবং মানুষ জীবন সার্থক হয়। স্বয়ং ঈশ্বরকে তখন দর্শন করা যায়। সে প্রসঙ্গে বর্তমান যুগের উপনিষদ ও পদাবলীর রসে অভিষিক্ত ঋষি বিশ্বকরি রবীন্দ্রনাথ ঠাকুরের কিছু পংক্তি -

সীমার মাঝে অসীম তুমি

বাজাও আপন সুর।

আমার মাঝে তোমার প্রকাশ

তাই এত মধুর।

আর তখনই সর্বশক্তিমানকে দর্শন করে পরম আনন্দ লাভ করা যায় -

‘মাঝে মাঝে তব দেখা পাই।

চিরদিন কেন পাইনা।’

## মধ্য যুগের বাংলা সাহিত্যে মুসলমান কবি

গুলজার হসেন তাপাদার

স্নাতক - প্রথম বর্ষ (বাংলা সাম্প্রদায়িক)

মধ্য যুগের বাংলা সাহিত্যে মুসলমান কবিদের প্রভাব বাংলা সাহিত্যে বিষয়ে যথার্থ অনুশীলন শুরু হয় মুসলমান শাসনের আমলে।

কয়েকজন মুসলমান পন্ডিত বাংলা সাহিত্য রচনার ব্যাপারে খুব উৎসাহী ছিলেন। অবশ্য সাহিত্য রচনাতে প্রত্যক্ষ ভাবে বাঙালি মুসলমানগণ জড়িত ছিলেন। তার কারণ তুর্কি

আক্রমণের ফলে বাঙালি মুসলমানদের অনেক দুঃখ-কষ্ট সহ্য করতে হয়েছে।

বাংলা সাহিত্য রচনায় যেসব মুসলমান হাত দিয়েছিলেন তারা ধর্মাত্মক বাঙালি মুসলমান। সপ্তদশ শতকে মুসলমান কবিদের রচনার নিদর্শন খুব একটা পাওয়া যায়নি। সম্প্রতি বাংলাদেশের গবেষকেরা সিদ্ধান্ত করেছেন যে, পঞ্চদশ



শতাব্দীতে অসংখ্য তিনজন মুসলমান কবি কাব্য রচনা করেছেন। সপ্তদশ শতাব্দীতে আরো কয়েকজন বড় মুসলমান কবি বাংলা সাহিত্যের সমৃদ্ধি ঘটিয়েছিলেন। এই গোষ্ঠীর সাহিত্যকৃতির পরিচয় দেবার পূর্বে আর একটি বিষয় সম্বন্ধে অবহিত হওয়া আবশ্যিক। দেখা যায় যে বাংলা সাহিত্য রচনায় যে মুসলমানেরা হস্তক্ষেপ করেন ও সফল হন, তাঁরা বাংলার পূর্ব সীমান্তের চাঁটগাঁও সীমান্ত পেরিয়ে আরাকান অঞ্চলের বাসিন্দা হয়েছিলেন। পশ্চিমাঞ্চলে রাঢ়ে- এবং গৌড়ের যে সব স্থানে মুসলমান আক্রমণ ও রাজ্য প্রতিষ্ঠা হয়েছিল, সেখানে বাংলা সাহিত্য চর্চায় মুসলমানদের আগ্রহ জাগ্রত হয়েছে বেশ কিছু দিন পর। অনেকে মনে করেন যে পশ্চিমবঙ্গে যে ইসলামি ধারা এসেছিল তা উত্তর পশ্চিম থেকে বাদশাহী নবাবী দরবারের হুকুমদার হয়ে এসেছিল।

সপ্তদশ শতকে বাংলাতে লেখা যে বিদ্যাসুন্দর কাব্যটি পাওয়া গেছে, তা বাঙালি মুসলমানের রচিত। কবির নাম সারিবিদ্ খান। সম্ভবত চট্টগ্রামের বাসিন্দা তিনি। তাঁর কাব্যের মধ্যে সংস্কৃত শ্লোক আছে।

আরাকান সভাগুলির মধ্যে শ্রেষ্ঠ দুজন মুসলমান কবি - দৌলত কাজি ও কবি আলাওল। ১৬২২ থেকে ১৬৩৮ খৃস্টাব্দে দৌলত কাজি যে কাব্যগ্রন্থ রচনা করেছিলেন, তা হল সতী ময়না বা লোরচন্দ্রানী। এই কাব্যগ্রন্থটি তিনি সম্পূর্ণ করতে পারেননি। বারো আনার মত রচনার পর দৌলত কাজির লোকান্তর ঘটে। বাকিটুকু শেষ করেন কবি আলাওল। সৈয়দ আলাওল রাজসভার কবিদের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করেছেন। কবি আলাওলের রচনা রীতি নাটকীয়তা পূর্ণ। শেষে নানা ভাগ্য বিপর্যয়ের কারণে তিনি সেনাবাহিনীতে চাকরি গ্রহণ করেন। রাজসভার আনুকূল্যে তিনি আরবী, ফার্সী, হিন্দি কাব্য রচনা করে কবি খ্যাতি লাভ করেন। ১৬৭৫ খৃস্টাব্দে তাঁর লোকান্তর ঘটে।

বৈষ্ণব পদাবলী রচনাতেও মুসলমান কবিগণ পিছিয়ে থাকেন নি। বড়ুত সুফীধর্মে জীব ও ঈশ্বরের স্বরূপকে প্রেমিক-প্রেমিকার উপমায় দেখবার মতো মানসিক অবস্থার সৃষ্টি হয়েছিল। কিছুটা আবেগে, কিছুটা দার্শনিক প্রত্যয়ের ফলে রাখাক্ষের পদ রচনা করেছিলেন অনেকে। কেবল বৈষ্ণব পদাবলী রচনাতেই নয়, যোগদর্শনাদি বিষয়ে মুসলমান সুফি কবিগণ কম গ্রন্থ রচনা করেন নি। তাঁদের মধ্যে বিশেষ করে উল্লেখযোগ্য চট্টগ্রামের আলী রাজা। হিন্দুর যোগদর্শন আর মুসলমান সুফী দর্শন হৃদে মিলিয়ে তিনি পাঁচখানি গ্রন্থ রচনা করেছিলেন। চট্টগ্রামে ও আরাকানে মুসলিম প্রাধান্য কমে গেলেও মুসলমানদের বঙ্গ সাহিত্য চর্চাতে ভাঁটা পড়ে নি। অষ্টাদশ শতকে বঙ্গের পশ্চিমাংশে মুসলমানগণ সাহিত্য চর্চা করতে লাগলেন আগ্রহের সঙ্গে। ফলে বাংলা ভাষা একটা বিশেষ স্থান অধিকার করতে সক্ষম হল।

ইসলামি সাহিত্য বলে চিহ্নিত এই বইগুলির বেশিরভাগ পাঠক ও শ্রোতা ছিল কলকারখানার অশিক্ষিত এবং অর্ধশিক্ষিত মুসলমান সম্প্রদায়। সাধারণ শিক্ষিত মুসলমানেরা এই বইগুলি পাঠ করতেন না। কাজেই সাহিত্য হিসাবে এর প্রচলন ছিল সীমাবদ্ধ।

অষ্টাদশ শতকে ভুরগুট অঞ্চলের পুরোনো লেখকদের মধ্যে উল্লেখযোগ্য আমীর হামজা ও ইউসুফ জেলেখা তাঁর নড়ো ভাই। তাছাড়া উল্লেখযোগ্য সৈয়দ হামজা। অসংখ্য গাজীর গান রচিত হয়েছিল অষ্টাদশ শতকে। সুন্দর বনের দেবতা দক্ষিণরায় এবং মুসলমান পীর বরখা গাজী। অনেক মুসলমান কবি গাজীর গান রচনা করেছেন।

মুসলমান সাহিত্যিক গোষ্ঠীর দান মধ্যযুগীয় বাংলা সাহিত্যে কেবলমাত্র পরিমাণগত বিচারে নয়। কোনো বিশেষ সাহিত্য কীর্তির নিরিখেও একে সর্বত্র বিচার করা ঠিক হবে না। বড়ুত আলাওল, দৌলত কাজি, সৈয়দ মর্তুজা প্রমুখ

কয়েকজন কবিকে বাদ দিলে মধ্যযুগের মুসলমান কোনো কবিই উল্লেখযোগ্য কোনো সাহিত্য সৃষ্টি করেন নি। কিন্তু তৎসঙ্গেও দুটি দিক থেকে মুসলমানী বা ইসলামি সাহিত্যের দান অসাধারণ।

বাংলা শব্দ ভাণ্ডার আরবি-ফার্সি-হিন্দুস্তানি শব্দ দিয়ে প্রভূত পরিমাণে সমৃদ্ধ করেছেন মুসলমান লেখক গোষ্ঠী। একাজ অন্য কারো দ্বারা সম্ভব হতো না। কাহিনি সংগ্রহের দিক থেকে সংস্কৃত-আরবি-ফার্সি-তুর্কি-হিন্দুস্তানি থেকে অফুরন্ত ভাবে চয়ন করায় বাংলা সাহিত্যে সীমা বেড়েছে অনেকখানি।

## শিক্ষা এবং ইসলাম

ইমরান হোসেন লস্কর

স্নাতক (বানিজ্যিক) প্রথম বর্ষ

শিক্ষা মানুষের মৌলিক অধিকার। শিক্ষা হল জাতির মেরুদণ্ড। ইংরেজিতে একটা কথা আছে, 'Knowledge is Power' ইসলাম ধর্মের পবিত্র হাদিস শরিফে আছে প্রত্যেক নর-নারীর জন্য জ্ঞান আহরণ করা 'ফর্জ'। বিদ্যা অমূল্য ধন। বিদ্যার মান এবং বিদ্যার্থীর মান-মর্যাদা কখনও হ্রাস পায় না। ধীরে ধীরে ধাপে ধাপে পদোন্নতি হতে থাকে। বিদ্যা শুধু অর্থ সংগ্রহের জন্য নয়। শিক্ষা গ্রহণের ক্ষেত্রে কোনো ধরনের শিক্ষাকেই অগ্রাহ্য এবং হয় প্রতিপন্ন করতে নেই। যেমন ধর্মীয় শিক্ষা, টেকনিক্যাল শিক্ষা সবই অধ্যয়ন করা উচিত। তবে সকল শিক্ষার সাথেই ধর্মীয় শিক্ষা গ্রহণ করা অত্যন্ত আবশ্যিক। বিশেষতঃ মুসলিম সম্প্রদায়ের মধ্যে যে ধর্মীয় শিক্ষা তা সকল মুসলিম ছাত্র-ছাত্রীদের পক্ষেই আবশ্যিক।

তাছাড়া মুখ্যত ধর্মপ্রিত বাংলা সাহিত্যে নানাবিধ তথ্যও লৌকিক প্রেমের প্রবল স্রোত বইয়ে দিয়েছেন প্রধানত মুসলমান কবিরাই। ধর্মের বাঁধন থেকে রসিক চিত্তকে অনেকখানি মুক্ত করেছেন মুসলমান কবিরাই। বিষয়গত দিক থেকে আধুনিক যুগ তরান্বিত করার ব্যাপারে মধ্যযুগের বাংলা সাহিত্যে মুসলমানদের দান অসামান্য। পরবর্তী অর্থাৎ আধুনিক যুগের বাংলা সাহিত্যে এই সুরটি স্পষ্টতর হয়েছে এবং তা শ্রদ্ধার সঙ্গে স্মরণীয়।

আমাদের নবীন শিক্ষিতরা ধর্মীয় শিক্ষাকে অবহেলার নজরে দেখছেন। এই ধর্মীয় শিক্ষাই মানুষকে অমৃত লোকে পৌঁছে দেয়। মানুষকে অন্ধকার থেকে আলোকে আনতে শিক্ষার প্রয়োজন। অশিক্ষিত লোক সমাজের সঠিক নিয়ম-কানুন, রীতি-নীতি ইত্যাদিতে পুরোপুরি ওয়াকিবহাল থাকেন না।

মুসলিম সম্প্রদায়ের ধর্মীয় শিক্ষা পুরা করার পর তাকে মৌলবী বা মৌলানা বলা হয়। তাঁরা ইসলামিক নিয়ম-কানুন ইত্যাদি পুরোপুরি জানেন। কিন্তু আজ কিছু সংখ্যক মৌলবী, মুসলমান হতে হলে যে সব গুণ থাকা প্রয়োজন, তাদের কাছ থেকে সে সব গুণ কিছুই হারিয়ে যাচ্ছে। মুসলমানদের নিয়ম-কানুন, চলা-ফেরা সবকিছু হজরত মোহাম্মদ (ছঃআঃ) এর মত হওয়া উচিত। তাঁর মধ্যে যে সব গুণ ছিল, তিনি যে



কাজ যে ভাবে করেছিলেন, মৌলবীদের ঠিক তদ্রূপ করা উচিত।

শিক্ষা এবং ধর্ম দুটি সামঞ্জস্যপূর্ণ সম্পর্কে অন্বিত। শিক্ষার সাথে সাথে ধর্মীয় কাজ থাকা দরকার। শিক্ষা গাছের মত। এ থেকে মানুষের অনেক উপকার সাধিত হয়। গাছকে যদি পর্যাণ্ড পরিমাণে যত্ন করা হয়, তবে গাছ থেকে ফুল হয়, ফল হয়, অধিক রৌদ্রের সময় ছায়া দেয় এবং গাছ মরে গেলে জ্বালানি কাঠ হয়। তদ্রূপ ধর্মিক এবং প্রকৃত শিক্ষিত লোক থেকে মানুষ অনেক লাভবান হতে পারেন। শিক্ষিত লোক মানুষকে উপদেশ দেবেন, সমাজের কু-প্রথা, অন্ধবিশ্বাস এবং

সমাজ বহির্ভূত কাজ থেকে, মদ্যপান, অপহরণ ইত্যাদি হতে বিরত রাখবেন। শিক্ষা সূর্যের মত। সূর্য থেকে সর্বস্তরের মানুষ, গাছ, লতা-পাতা, পোকা-মাকড়, জীব-জন্তু ইত্যাদি সবাই আলো উপভোগ করে। একজন প্রকৃত শিক্ষিত লোকের কাছ থেকে মানুষ সূর্যের মত আলো সংগ্রহ করতে পারে। তাই বলা হয়, 'শিক্ষিত লোকের কলমের কালি শহীদের বুকের রক্তের থেকেও পবিত্র।'

"The ink is more sacred than the blood of the martyr"

-Al-Hadith.

## যাত্রাগানের রূপান্তর

অসীম কুমার দাস

স্নাতক প্রথম বর্ষ

যাত্রাগানের কীভাবে উদ্ভব হয়েছিল - কীর্তন থেকে, না পাঁচালী থেকে, না নাটগীতি থেকে - সে বিষয়ে গবেষকদের মধ্যে মতভেদ রয়েছে। উনিশ শতকে যাত্রাগান যে সর্বজনের প্রিয় ছিল সে সম্বন্ধে কোন মতভেদ নেই। জনপ্রিয়তার অন্যতম কারণ মানব মনের ক্ষুধার তৃপ্তি।

এ ক্ষুধা মানব মনের একটি মৌলিক চাহিদা থেকে উৎপন্ন। সভ্যতা-সংস্কৃতির একটা বিশেষ পর্যায়ে তার প্রভাব প্রতিপত্তি কম নয়।

কথাটি আরও বিশেষ ভাবে আলোচনা করা প্রয়োজন।

প্রকৃতির তথা প্রাণের বিকাশধারায় থাকে এক গোলাকার বা চক্রাকার আবর্তন। একই ফুল এক বিশেষ

কালে ফোটে এবং ঝরে পড়ে এক বিশেষ ঋতুতেই। ঠিক তেমনি মানুষ, পশু-পাখি, কীট-পতঙ্গ এক বিশেষ যুগে জন্মে আবার এক বিশেষ যুগে মরে। হাজার হাজার বছর ধরে তাদের জীবনযাত্রার পরিবর্তনের মতো দিনে দিনে যাত্রাগানেরও পরিবর্তন হয়েছে। সেই পরিবর্তন কোথাও থীরে, কোথাও দ্রুতগতিতে।

নৃত্য-গীত অভিনয় মানব সমাজের অতি প্রাচীন প্রথা। বাংলাতে যাত্রাগান হতো কীর্তন, পাঁচালী, মঙ্গলকাব্যে। তাতে মূল গায়ন পাঁচালী পাঠ, গীত ও ভাষ্য করতেন একা, নানা চরিত্রের অভিনয় করতেন একা। যাত্রাগানকে বুঝতে হলে এবং এর পরিবর্তনের সূত্রটি যথার্থ অনুসন্ধান করতে হলে যাত্রাগানের বই, যাত্রা প্রয়োগ পদ্ধতি-দুটিরই বিচার করতে

হবে।

প্রায় দেড়শো, দুশো বৎসর আগে যাত্রাগানের চারটি স্তর লক্ষ্য করা যায়। প্রথম যুগটি মঞ্চ প্রতিষ্ঠার পূর্বের যুগ। এতে মূলতঃ গানের প্রাধান্য থাকত। অধিকাংশই এই সময়ে হতো কৃষ্ণযাত্রা বা বিদ্যাসুন্দর যাত্রা। ইংরেজি মঞ্চের অনুকরণে, মঞ্চ বানিয়ে নাট্যভিনয় শুরু হল যখন, তখনকার যাত্রাজগতে এল দ্বিতীয় স্তর। সাধারণতঃ এই স্তরের পালাগুলি পৌরাণিক। এই প্রাচীন যাত্রার বিষয়বস্তু ছিল পৌরাণিক ও কিছুটা কিংবদন্তীমূলক কাহিনি। ঐতিহাসিক বা সামাজিক বিষয়বস্তু নিয়ে তখনকার যাত্রাগান হতো না। গানের জন্য একদল ছোকরা গায়ক বিশেষ মার্গ সঙ্গীতে দক্ষ থাকতেন। এদের বলা হতো জুড়ির গান। যাত্রাগান সাত আট ঘন্টা পর্যন্ত হতো। সকাল হয়ে যেতে শেষ হতো। সাধারণতঃ শেষ দৃশ্যে মিলন থাকত, সংকীর্তন গানের মিলনান্ত সঙ্গীতের মতোই 'রাই মিলিল গো শ্যাম ঘন' এই জাতীয় একটা ভক্তি নম্র মিলনান্ত পরিণতি দিয়ে পালা শেষ করা হতো।

শিশিরকুমার ভাদুড়ী যখন নাট্যমঞ্চ অভিনয় কলার রূপান্তর সাধন করলেন, সেই সঙ্গে যাত্রারও পরিবর্তন হলো। বিষয়বস্তু পৌরাণিক সীমা অতিক্রম করে ঐতিহাসিক বিষয় ও সামাজিক বিষয়ে উদ্ভীর্ণ হলো। গানের প্রাধান্য হ্রাস পোলো। জুড়ির গান থাকল না। অর্কেস্ট্রার অর্থাৎ তারযন্ত্র, বাঁশি,

ঢোল, বেহালার সমবেত বাদন চালু হলো। বেহালা তখনো যাত্রাগানের অপরিহার্য অঙ্গ বিশেষ। শুধু তাই নয়, পোশাকেও পরিবর্তন এলো। পূর্বে যে ধরনের পুরো-হাত আচকান, পাজামা ও জড়ি খুতির ব্যবহার হতো, তার বদলে মঞ্চের অনুসরণে অর্ধহাত বা হাতকাটা পোশাক ও রঙিন বস্ত্রাদির ব্যবহার শুরু হলো। প্রবেশ-প্রস্থান, বাগভঙ্গি, প্রকাশ-মুদ্রা সবই মঞ্চের অনুকরণে হতে লাগল।

বিষয়বস্তু ছাড়া অভিনয়কলাতেও গুরুতর পরিবর্তন দেখা দিয়েছে। পূর্বে চোখ বুজে শুধু অভিনয় সংলাপ হতেই অনায়াসে বলে দেওয়া যেতো কোনটা যাত্রা, কোনটা থিয়েটার, আর কোনটা সিনেমা। এখন যাত্রার স্বাতন্ত্র্য লোপ পেতে বসেছে। অভিনয় দক্ষতার আবশ্যিকতা লোপ পাওয়ার পর্দা-মঞ্চ-আসর এই তিনটির ব্যবধান মুছে যাচ্ছে। এখন পর্দাভিনেতা শিল্পীরা অনায়াসে মঞ্চ ও আসরে যাতায়াত করছেন। যাত্রায় গান এখনও আছে। 'বিবেক' পরিত্যক্ত হয়নি। কিন্তু সুরও ঢং-এর অনেকখানি পরিবর্তন দেখা দিয়েছে।

বর্তমানে যদিও যাত্রাগানের জনপ্রিয়তা হ্রাস পায়নি, কিন্তু যাত্রার উচ্চ নীতিবোধ, জনশিক্ষা, জীবন-সত্য - যথা ধর্ম তথা জয় - তত উদাত্ত নয়। ফলে অনুকরণের ও জনপ্রিয়তার অর্থাৎ হাততালির লোভে যাত্রার জনশিক্ষাবৃত্তির স্বভাব ধর্মের চ্যুতি হচ্ছে বলে সন্দেহ করা চলে।

## কোনো কাজই ছোটো নয়

মোঃ শাহজাহান উদ্দিন তালুকদার

স্নাতক দ্বিতীয় বর্ষ

বিংশ শতাব্দীর অনেক নাগরিক News paper পড়ে থাকেন। শিক্ষিত বেকাররা সর্বপ্রথম News paper-এর মধ্যে শুধু মাত্র একটি point খুঁজতে ব্যস্ত হয়ে পড়েন। সেই নির্দিষ্ট point টি হল Job advertisement।

আজ আমরা নিজেদের শিক্ষিত সমাজের একজন বলে ভাবি। অথচ অধিকাংশ নাগরিকই ভুলে গিয়েছি দেশপ্রেমিকদের কথা স্মরণ রাখতে। দিনমজুরদের কথা তো বাদই দিলাম। বিখ্যাত কবি সত্যেন্দ্রনাথ দত্তের একটি কবিতা "মেথর"। এই কবিতায় কবি প্রত্যেক মানুষের হৃদয়ের ভিতরে পৌছানোর চেষ্টা করেছেন। তাঁর সেই পবিত্র কবিতার কয়েকটি পংক্তি -

কে বলে তোমারে বন্ধু অস্পৃশ্য, অশুচি

শুচিতা কিরেছে সদা তোমার পিছনে



তুমি আছ, গৃহবাসে তাই আছে রুচি

নহিলে মানুষ বুঝি ফিরে যেত বনে।

শিশু জ্ঞানে সেবা তুমি করিতেছ সবে

ঘুচাইছ রাত্রিদিন সর্ব ক্লেশ গ্রানি

ঘৃণায় নাহিক কিছু স্নেহের মানবে

হে বন্ধু তুমিই একা জেনেছ সে বাণী.....

মেথরকে আমরা অস্পৃশ্য ও অশুচি বলে ঘৃণা করি।

তার হোঁয়া বাঁচিয়ে চলেতে চেষ্টা করি। কিন্তু আমরা ভুলে যাই যে মেথর সমস্ত নোংরা, জঞ্জাল নিয়মিত পরিষ্কার করে বলেই আমরা আজও সংসারে বাস করছি, নচেৎ অনেক আগেই আমাদের আবার বনে ফিরে যেতে হত। মা যেভাবে পরম স্নেহে শিশুর মল-মূত্র পরিষ্কার করে তাকে পরিচ্ছন্ন রাখে, মেথরও তেমনি সমস্ত মানব জাতিকে আবর্জনা মুক্ত করে রাখছে। কিন্তু মেথরের স্থানতো দূরের কথা, একজন রিজাওয়ালাকেও আজকের সমাজ মর্যাদাপূর্ণ স্থান দিচ্ছে না। দুঃখের বিষয়, আজ যারা আমাদের সুযোগ-সুবিধার জন্য জীবন-পণ করেছে তাঁদের আমরা আপনজন বলে স্বীকার করছি না।

কবি সত্যেন্দ্রনাথ দত্ত “জাতির পঁাতি” কবিতায় লিখেছেন,

জগৎ জুড়িয়া এক জাতি আছে,

সে জাতির নাম মানুষ জাতি।

এক পৃথিবীর স্তন্যে লালিত,

একই রবি শশী মোদের সাথী।

উপসংহারে কবি লিখেছেন -

“মহামানবের পূজার লাগিয়া সবাই

অর্থ্য রচনা করে।”

আজও পৃথিবীতে বিখ্যাত হয়ে আছে তাজমহল।

সেই তাজমহলের গৌরব অর্জন করেছেন সম্রাট শাহজাহান।

বিংশ শতাব্দীর পর আজও মানুষ ভুলে যায়নি সম্রাট

শাহজাহানের কথা আর তাঁর নির্মিত তাজমহলের সৌন্দর্য।

কিন্তু যারা এই তাজমহলটি বানিয়েছিলেন তাঁদের গৌরবের

কথা আজ নান। হতে পারেন সম্রাট শাহজাহান দেশের নামী

সম্রাট, কিন্তু তিনি তো এই তাজমহল-এর কাজ করেন নি।

যারা রাজমিস্ত্রি, তাঁরা তাদের শরীরের সর্বশক্তি দিয়ে দিবারাত্রি

পরিশ্রম করে এই তাজমহলটি নির্মাণ করেছেন। কিন্তু তাদের

কথা ইতিহাসে স্থান পায়নি। আজ ভারতের প্রধানমন্ত্রী যে

কক্ষে বিশ্রাম করেন সেই কক্ষটি যিনি বানিয়েছেন তিনিও

একজন রাজমিস্ত্রি। প্রধানমন্ত্রীকে যদি সম্মান জানাই তবে

রাজমিস্ত্রিও সম্মানের যোগ্য।

একবিংশ শতাব্দীর প্রত্যেক নাগরিকের কাছে আমার

একটি অনুরোধ, আমরা যেন কারও প্রতি ঘৃণা পোষণ না

করি। সমাজ গাড়ির চালকদের সম্মান দিত যেন আমরা

ভুলে না যাই। একজন মানুষ যে কোন কর্মেই লিপ্ত থাকুন না

কেন, তাঁকে আমাদের ঘৃণা করা, কোন প্রশ্নই উঠে না।

আমরা যদি আমাদের আচরণ পরিবর্তন করতে পারি তবে

নিশ্চয়ই আমাদের সমাজে উন্নতি হওয়া সম্ভব হবে, নতুবা

কঠিন থেকে কঠিনতর হয়ে পড়বে আমাদের জীবনযাত্রা।